



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


অধ্যক্ষের কার্যালয়

সরকারি বি এল কলেজ, খুলনা

www.blcollege.edu.bd

দুরালাপনী : অফিস ৭৬২৯৪৪

ফ্যাক্স নং : ০৪১-২৮৫০৩৭০



## ২০১৫ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের সংশোধিত বিজ্ঞপ্তি

আবেদনকারীকে (নিজে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট [www.nubd.info/degreepass](http://www.nubd.info/degreepass) এ প্রবেশ করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড ও বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত ফি উল্লেখ থাকবে (কলেজের ফি বাদে)। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজের নির্ধারিত কাউন্টারে জমা দিতে হবে।

\* বিঃ দ্রঃ ডিগ্রি পাস নিয়মিত ছাত্র-ছাত্রী ইনকোর্স পরীক্ষা ব্যতিত পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে পারবে না।

ক্রঃ নং	জমাদানের তারিখ	পরীক্ষার্থীর প্রকার	পরীক্ষার্থীর প্রকার
১	০৮.০৮.২০১৬ খ্রি.	নিয়মিত বিএ ও বিএসসি (পাস)	প্রাইভেট বিএ (পাস) ও সার্টিফিকেট কোর্স
২।	০৯.০৮.২০১৬ খ্রি.	নিয়মিত বিএসএস (পাস)	প্রাইভেট বিএসএস (পাস)
৩।	১০.০৮.২০১৬ খ্রি.	নিয়মিত বিবিএস (পাস)	প্রাইভেট বিবিএস (পাস)

বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।

অনলাইন আবেদন ফরমের টাকা বাদে কলেজের প্রাপ্য :

নিয়মিত : বিএ, বিএসএস, বিবিএস ও বি এসসি পাস = ~~৩৫০~~+১৯০৫ = ২২৫৫/- (কেন্দ্র ফিস+ব্যবস্থাপনা+বেতন ও সেশন চার্জ)

প্রাইভেট : বিএ, বিএসএস, বিবিএস পাস ও সার্টিফিকেট কোর্স = ৫৫০/- টাকা (ইনকোর্স ২০০+কেন্দ্র ফিস ৩০০+ব্যবস্থাপনা ৫০)।

১। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

ক) ডিগ্রি পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা নিয়মিত (৭০০ নম্বর) :

- ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০১৪ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- উপরোক্ত শিক্ষার্থীদের ২য় বর্ষে “বাংলা জাতীয় ভাষা” আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক।

খ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা ২০০ নম্বর :

- ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৪ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ১ম ও ২য় পত্রে উত্তীর্ণ হয়েছে তারা এ পরীক্ষায় ২য় বর্ষের নির্ধারিত ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- এ সকল শিক্ষার্থীরা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

২। অনলাইনে আবেদন ফরম পূরণের পর করণীয় :

- আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি করে জমা দিতে হবে।
- প্রত্যেক পরীক্ষার্থীকে সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি অনলাইনে প্রাপ্ত আবেদন ফরমের নির্ধারিত স্থানে এবং ১ কপি ছবি প্রবেশপত্র গ্রহণের সময় সংগে আনতে হবে।
- কোন ছাত্র-ছাত্রী লাইব্রেরি থেকে বই গ্রহণ করে থাকলে তা ফেরত দিতে হবে। লাইব্রেরির বই ফেরত ব্যতিত কোন শিক্ষার্থী আবেদন ফরম পূরণ করতে পারবে না।
- ডিগ্রি পাস ২য় বর্ষ (বিশেষ) পরীক্ষার কোন ছাত্র-ছাত্রীর নিকট লাইব্রেরির কোন বই পাওনা থাকলে তা ফেরৎ দিতে হবে।

৩। নিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থীদের ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। তাদেরকে বাংলা জাতীয় ভাষা আবশ্যিক বিষয়সহ নৈর্বাচনিক প্রতি বিষয়ের ৩য় ও ৪র্থ পত্রের ১৫ নম্বরের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ইনকোর্স পরীক্ষা আগামী ০১/০৮/২০১৬, ০২/০৮/২০১৬ ও ০৩/০৮/২০১৬ তারিখে অনুষ্ঠিত হবে। ইনকোর্স পরীক্ষার সময়সূচি বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

৪। ডিগ্রি পাস ২য় বর্ষ নিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থীদের ইনকোর্স পরীক্ষা যেহেতু বাধ্যতামূলক করা হয়েছে সেহেতু উল্লিখিত পরীক্ষা গ্রহণের জন্য বাংলা জাতীয় ভাষা আবশ্যিক বিষয়সহ নৈর্বাচনিক প্রতি বিষয়ের ৩য় ও ৪র্থ পত্রের ১৫ নম্বরের প্রশ্ন প্রণয়ন করে ইনকোর্স পরীক্ষা কমিটির আহ্বায়ক রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক জনাব সেখ আবুল কওসার এর নিকট ২৫/০৭/২০১৬ তারিখের মধ্যে জমা দিতে সকল বিভাগীয় প্রধানকে অনুরোধ করা হল।

আবেদন ফরম জমাদানের সময়: সকাল ৯টা হতে দুপুর ১টা পর্যন্ত।

এই বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েব সাইট [www.blcollege.edu.bd](http://www.blcollege.edu.bd) এ পাওয়া যাবে।

(প্রফেসর সুলশান আরা বেগম)

অধ্যক্ষ

সরকারি বি.এল কলেজ, খুলনা